## আলোকিত বাংলাদেশ



### ঢাবি ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে সবার সহযোগিতা চান ঢাবি ভিসি

**আলোকিত ডেস্ক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চেয়েছেন। গতকাল উপাচার্যের সভাকক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী সমিতি, কারিগরি কর্মচারী সমিতি এবং ৪র্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠকে উপাচার্য এই সহযোগিতা চান। এসময়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদসহ অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী সমিতি, কারিগরি কর্মচারী সমিতি এবং ৪র্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সূত্র : সংবাদ বিজ্ঞপ্তি

## আজকালের খবর



### ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা নিশ্চিতে সবার সহযোগিতা চাই: ঢাবি উপাচার্য

● ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চেয়েছেন। গতকাল রবিবার উপাচার্যের সভাকক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী সমিতি, কারিগরী কর্মচারী সমিতি এবং ৪র্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠকে উপাচার্য এই সহযোগিতা চান। এসময়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদসহ অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী সমিতি, কারিগরী কর্মচারী সমিতি এবং ৪র্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, আসন্ন ডাকসু নির্বাচনকে সামনে রেখে ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয় প্রশাসন দৃঢ় প্রতিজ্ঞ। ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিতের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে যথাযথ দায়িত্ব পালন করতে হবে। এক্ষেত্রে কোনরূপ শৈথিল্য প্রদর্শন বরদাস্ত করা হবে না। বৈঠকে অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী সমিতিসহ বিভিন্ন আবাসিক এলাকার কল্যাণ সমিতির প্রতিনিধিদের সমন্বয়ে নিরাপত্তা সমন্বয় কমিটি গঠনের বিষয়ে আলোচনা করা হয়। বৈঠকে জানানো হয়, কারও বিরুদ্ধে ক্যাম্পাসে নাশকতামূলক কর্মকাণ্ডের সঙ্গে জড়িত থাকার অভিযোগ পাওয়া গেলে অথবা নাশকতামূলক কর্মকাণ্ডে জড়িতদের কোনরূপ আশ্রয়-প্রশ্রয় দিলে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীর বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

## নয়া দিগন্ত

# ঢাবির ১০৫ বছরে পদার্পণে বৈষম্যহীন সমাজ গঠনের প্রত্যয়

● হারুন ইসলাম

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০৫তম প্রতিষ্ঠাবার্ষিকী আগামীকাল ১ জুলাই অনুষ্ঠিত হবে। এবারের বিশ্ববিদ্যালয় দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'বৈষম্যহীন ও অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে ঢাকা বিশ্ববিদ্যালয়'। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দিনব্যাপী বর্ণাঢ্য কর্মসূচি গ্রহণ করেছে।

বিশ্ববিদ্যালয় দিবসের মূল অনুষ্ঠান শুরু হবে সকাল ১০টায় ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) সম্মুখস্থ পায়রা চত্বরে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। এর আগে সকাল ৯.৩০টায় বিভিন্ন হল ও হোস্টেল থেকে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা শোভাযাত্রাসহ স্মৃতি চিরন্তন চত্বরে একত্রিত হবেন। সকাল ৯.৪৫ মিনিটে ভিসির নেতৃত্বে ক্যাম্পাসজুড়ে বের হবে বর্ণাঢ্য শোভাযাত্রা।

পায়রা চত্বরে অনুষ্ঠিত উদ্বোধনী আয়োজনে জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয় ও হলগুলোর পতাকা উত্তোলন করা হবে এবং কেক কাটা হবে। এ সময় সঙ্গীত বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে পরিবেশিত হবে জাতীয় সঙ্গীত ও দেশাত্মবোধক গান। বিদেশী শিক্ষার্থীরাও এতে বিশেষ সঙ্গীত পরিবেশনার মাধ্যমে অংশগ্রহণ করবেন।

সকাল ১০.৩০টায় টিএসসি মিলনায়তনে অনুষ্ঠিত হবে আলোচনা সভা। সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম এ ফায়েজ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। আরো উপস্থিত থাকবেন প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী। সভায় বিশ্ববিদ্যালয়ের সিনেট ও সিন্ডিকেট সদস্য, ডিন, হলের প্রাধ্যক্ষ, বিভাগের চেয়ারম্যান, ■ ১১ পৃঃ ৭-এর কলামে

## ঢাবির ১০৫ বছরে পদার্পণে

৩য় পৃষ্ঠার পর

শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ও অ্যালামনাইরা অংশ নেবেন।

আলোচনা সভার শুরুতে দিবসটি উপলক্ষে প্রকাশিত 'স্মরণিকা'র মোড়ক উন্মোচন করা হবে। বিশ্ববিদ্যালয় দিবসকে কেন্দ্র করে ভিসি ভবন, কার্জন হল, কলা ভবন ও টিএসসিসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা এবং সড়কগুলো আলোকসজ্জায় সজ্জিত করা হবে। দিবসটি উপলক্ষে সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ক্লাস বন্ধ থাকবে, তবে পরীক্ষাগুলো পূর্বনির্ধারিত সময় অনুযায়ী অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, ১৯২১ সালের ১ জুলাই আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে ঢাকা বিশ্ববিদ্যালয়। দীর্ঘ এক শতাব্দীরও বেশি সময় ধরে এই প্রতিষ্ঠান জ্ঞান, চিন্তা ও মুক্তচিন্তার আলো ছড়িয়ে দেশের অগ্রগতিতে অসামান্য ভূমিকা রেখে চলেছে।

## জনকণ্ঠ

# আগামীকাল পালিত হবে ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আগামীকাল মঙ্গলবার '১ জুলাই' উদযাপন করা হবে ১০৫তম ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস। এ বছর দিবসটির প্রতিপাদ্য 'বৈষম্যহীন ও অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে ঢাকা বিশ্ববিদ্যালয়'। এ উপলক্ষে দিনব্যাপী বর্ণাঢ্য কর্মসূচি গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

দিবসটি উপলক্ষে আগামী ১ জুলাই সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের (টিএসসি) সামনে পায়রা চত্বরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয় দিবসের বিভিন্ন কর্মসূচির উদ্বোধন করবেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের সকল হল ও হোস্টেল থেকে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ শোভাযাত্রা সহকারে স্মৃতি চিরন্তন চত্বরে সমবেত হবেন। সেখান থেকে সকাল ৯টা ৪৫ মিনিটে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নেতৃত্বে ক্যাম্পাসে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হবে। সকাল ১০টায় টিএসসি'র সামনে পায়রা চত্বরে উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয় ও হলসমূহের পতাকা উত্তোলন এবং কেক কাটা হবে। এসময় সংগীত বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে জাতীয় সংগীত ও উদ্দীপনামূলক দেশাত্মবোধক গান পরিবেশিত হবে। এছাড়া, বিদেশি শিক্ষার্থীদের অংশগ্রহণে অন্য একটি সংগীত পরিবেশিত হবে। সকাল সাড়ে দশটায় টিএসসি মিলনায়তনে 'বৈষম্যহীন ও অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে ঢাকা বিশ্ববিদ্যালয়' শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## আজকালের খবর

# ঢাবি ছাত্রী হলে মানবিকতা নিশ্চিত ও মেডিক্যাল সেন্টারে জরুরি বিভাগ চালুর দাবি

● ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছাত্রীদের আবাসিক হলগুলোতে শিক্ষার্থীদের মা-বোনসহ নিকটাত্মীয়দের প্রবেশে ন্যূনতম মানবিক সহায়তা নিশ্চিত ও ঢাবির মেডিক্যাল সেন্টারে জরুরি বিভাগ চালুর দাবিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন বরাবর স্মারকলিপি দিয়েছেন শিক্ষার্থীরা। গতকাল রবিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বরাবর তার কার্যালয়ে দুটি স্মারকলিপি দেন শিক্ষার্থীরা। একটি স্মারকলিপিতে উল্লেখ করা হয়, গত

পৃষ্ঠা ১১ কলাম ৪



ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের আবাসিক হলগুলোতে নিকটাত্মীয়দের প্রবেশে মানবিক সহায়তা নিশ্চিত ও ঢাবির মেডিক্যাল সেন্টারে জরুরি বিভাগ চালুর দাবিতে গতকাল বিশ্ববিদ্যালয় প্রশাসন বরাবর স্মারকলিপি দেন শিক্ষার্থীরা -আজকালের খবর

## ঢাবি ছাত্রী হলে মানবিকতা

শেষ পৃষ্ঠার পর

শনিবার ঢাবির শামসুন্নাহার হলের একজন আবাসিক শিক্ষার্থী তার গুরুতর অসুস্থ মা-কে নিয়ে হলে প্রবেশ করতে গেলে হল কর্তৃপক্ষের অসহযোগিতার শিকার হন। সারাদিন দূর থেকে জার্নি করে আসা রোগাক্রান্ত মাকে মাত্র ৩০ মিনিট রুমে বিশ্রাম করার সুযোগ দিতে অস্বীকৃতি জানানো হয়। রিডিং রুমে পর্যন্ত সুযোগ-সুবিধা না থাকায় এবং গেস্ট রুমের অব্যবস্থাপনার কারণে ওই শিক্ষার্থী তার মাকে গেস্টরুমের সোফায় শুইয়ে রাখতে বাধ্য হন; যা একজন শিক্ষার্থীর পরিবারের সম্মানহানি, অপমান এবং মানসিক পীড়ার কারণ। স্মারকলিপিতে গুরুতর অসুস্থ বা জ্যেষ্ঠ আত্মীয়ের জন্য সুনির্দিষ্ট অনুমতি ও রেজিস্ট্রেশনের মাধ্যমে সাময়িক রুমে প্রবেশের সুযোগ দেওয়ার দাবি জানানো হয়। একইসঙ্গে সংশ্লিষ্ট স্টাফ ও হাউস টিউটরদের মানবিক আচরণ ও সংকটকালীন সময়ে সহানুভূতিশীল সিদ্ধান্ত গ্রহণে প্রশিক্ষণ দেওয়ারও দাবি জানানো হয়। অন্য একটি স্মারকলিপিতে ঢাবির শহীদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিক্যাল সেন্টারে গাইনি ডাক্তার, জরুরি বিভাগ কর্নার ও অর্থোপেডিক্স বিভাগ চালুর দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা।

## মানবকণ্ঠ



সদ্য ভর্তি হওয়া শিক্ষার্থীদের আবাসন সংকট নিরসনে জরুরি পদক্ষেপ গ্রহণের দাবিতে গতকাল উপাচার্য বরাবর স্মারকলিপি দেয় ইসলামী ছাত্রশিবিরের ঢাবি শাখা —মানবকণ্ঠ

# সিট বঞ্চিত ঢাবি শিক্ষার্থীদের আবাসন ভাতা দেয়ার দাবি ছাত্রশিবিরের

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) সদ্য ভর্তি হওয়া ২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের আবাসনসংক্রান্ত সংকট নিরসনে জরুরি পদক্ষেপ গ্রহণের দাবিতে উপাচার্য বরাবর স্মারকলিপি দিয়েছে ইসলামী ছাত্রশিবিরের ঢাবি শাখা। সিট না পাওয়া নবীন শিক্ষার্থীদের জন্য বিকল্প আবাসিক হোস্টেল অথবা মাসিক সর্বোচ্চ ৪ হাজার টাকা হারে আবাসন ভাতা (বৃত্তি) দেয়ার দাবি জানিয়েছে সংগঠনটি।

গতকাল রবিবার ঢাবি ভিসিকে দেয়া ওই স্মারকলিপিতে এসব দাবি জানানো হয়। এ সময় ছাত্রশিবির চার দফা দাবি তুলে ধরে জানায়, নিয়মিত ক্লাস আগামী ২ জুলাই শুরু হলেও বিশ্ববিদ্যালয় প্রশাসন এখনো নবাগত শিক্ষার্থীদের আবাসনের বিষয়ে কোনো সুস্পষ্ট পরিকল্পনা বা সময়সীমা ঘোষণা করেনি। এতে শিক্ষার্থী ও তাদের অভিভাবকেরা চরম উদ্বেগে রয়েছেন। বিশেষ করে নারী শিক্ষার্থীদের ক্ষেত্রে এই সংকট আরও গুরুতর।

ছাত্রশিবির বলেছে, ঢাকা বিশ্ববিদ্যালয় একটি আবাসিক বিশ্ববিদ্যালয়। তাই প্রথম বর্ষ থেকেই বৈধ আবাসনের সুযোগ পাওয়া শিক্ষার্থীদের মৌলিক অধিকার। প্রশাসনের অবহেলা ও অনিচ্ছা এই অধিকারে সরাসরি হস্তক্ষেপ করছে।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

১৬ আষাঢ় ১৪৩২

DU in Media

30 June 2025

## ইত্তেফাক

# ছাত্র সংসদ নির্বাচনের দাবি জোরালো হচ্ছে

## ডাকসু, রাকসু ও চাকসু নির্বাচনের তপশিল ঘোষণার দাবি, বিক্ষোভ-মানববন্ধন, জাকসু নির্বাচনের তারিখ পেছাল

■ মেহেদী হাসান

জুলাই গণঅভ্যুত্থানের পর ঢাকা, জাহাঙ্গীরনগর, জগন্নাথ, রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীরা ছাত্র সংসদ নির্বাচনের দাবি নিয়ে বিক্ষোভ করলেও এখনো কোথাও নির্বাচন হয়নি। বর্তমান সরকার আন্তরিক হলেও বিশ্ববিদ্যালয় প্রশাসনের অনীহায় বিলম্ব হচ্ছে ছাত্র সংসদ নির্বাচন—এমন অভিযোগ ছাত্রনেতাদের। সম্প্রতি পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্র সংসদ নির্বাচনের দাবি আবারও জোরালো হচ্ছে।

গতকাল রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচনের রোডম্যাপ ঘোষণার দাবি জানিয়েছে বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদ বিশ্ববিদ্যালয় শাখা। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনের তপশিল ঘোষণাসহ ৯ দফা দাবিতে প্রশাসন ভবনের সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) নির্বাচনের দাবিতে মানববন্ধন করেন শিক্ষার্থীরা। এদিকে দ্রুত ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের তপশিল ঘোষণা, গঠনতন্ত্রে শিক্ষার্থীবান্ধব সংস্কার এবং ভোটকেন্দ্র হলের বাইরে স্থানান্তরের দাবি জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র ইউনিয়ন।

তবে ছাত্র-জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর পাবলিক বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচনের দাবি জোরালো হলেও এখন সেই আলোচনায় কিছুটা ভাটা পড়েছে। ছাত্র সংগঠনগুলো এই নির্বাচন নিয়ে দুটি অংশে ভাগ হয়ে গেছে। এ কারণে অঙ্কুরেই ছাত্র সংসদ নির্বাচনের উদ্যোগ ভেস্তে যাওয়ার শঙ্কা করছেন সংশ্লিষ্টরা। এদিকে ভোটের পরিবেশ সৃষ্টি করতে না পারাকে বিশ্ববিদ্যালয় প্রশাসনের ব্যর্থতা হিসেবে মনে করছেন ছাত্রসংগঠনগুলোর নেতারা। তারা বলছেন, দীর্ঘ ২৮ বছর পর ২০১৯ সালে ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়। এরপর আবার তা বন্ধ হয়ে যায়। ৩৬ বছরেও রাকসু, ৩৩ বছরে জাকসু, ৩৪ বছর পার হলেও চাকসু নির্বাচন হয়নি। এদিকে প্রতিষ্ঠার পর ৪৬ বছরে পদার্পণ করলেও ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ নেই। এ কারণে এখানে ছাত্র সংসদ নির্বাচনের আলাপ নেই বললেই চলে। তবে গত ৩০ নভেম্বর ইবি প্রশাসনের কাছে দ্রুত ছাত্র সংসদ প্রতিষ্ঠাসহ শতাধিক প্রস্তাবনা দিয়েছে শাখা ছাত্রশিবির।

**জাকসু নির্বাচনের তারিখ পেছাল :** দীর্ঘ ৩৩ বছর পর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) নির্বাচনের জন্য তপশিল ঘোষণা করা হয়েছে গত ১ মে, যেখানে ভোটের তারিখ রাখা হয় ৩১ জুলাই। কিন্তু গত ২৬ জুন সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে শিক্ষার্থী, প্রশাসন ও সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে মতবিনিময় সভা শেষে উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান আগামী ১১ সেপ্টেম্বর নির্বাচন অনুষ্ঠানের নতুন সম্ভাব্য তারিখ ঘোষণা করেন। জুলাইয়ে শিক্ষার্থীদের ওপর সংঘটিত হামলায় জড়িতদের বিচারকাজ শেষ না হওয়ায় নির্বাচনের তারিখ পেছানো হয়েছে বলে জানা গেছে।

প্রসঙ্গত, ১৯৭২ সালে প্রতিষ্ঠার পর এখন পর্যন্ত মোট আট বার জাকসু নির্বাচন হয়েছে। সর্বশেষ নির্বাচন হয় ১৯৯২ সালে বিএনপি সরকারের সময়ে। সেবার সহসভাপতি (ভিপি) নির্বাচিত হন মাসুদ হাসান তালুকদার এবং সাধারণ সম্পাদক (জিএস) হন শামসুল তাবরীজ। ১৯৯৩ সালের ২৯ জুলাই ছাত্ররা শিক্ষক ক্লাবে হামলা চালালে প্রশাসন কেন্দ্রীয় ছাত্র সংসদ ও হল সংসদ ভেঙে দেয়। এরপর আর কোনো নির্বাচন হয়নি।

**ডাকসু নির্বাচনের তপশিল হতে পারে চলতি সপ্তাহে :** ২৮ বছর অচল থাকার পর ২০১৯ সালের মার্চে নির্বাচনের মাধ্যমে সচল হয় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)। ঐ কমিটির মেয়াদ শেষ হয় ২০২০ সালের মার্চে। এরপর করোনা মহামারি ও প্রশাসনের অনীহার কারণে আর নির্বাচন হয়নি। বিভিন্ন সময় শিক্ষার্থীরা দাবি জানালেও কোনো উদ্যোগ নিতে পৃষ্ঠা ৬ কলাম ৪

## ছাত্র সংসদ নির্বাচনের

১৬ পৃষ্ঠার পর

দেখা যায়নি। গত ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর দাবি উঠেছিল ছাত্র সংসদ নির্বাচনের। গত পাঁচ মাসে শিক্ষার্থী এবং ছাত্র সংগঠনগুলো একাধিকবার বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে এ দাবি জানিয়েছে। জানা গেছে, চলতি সপ্তাহে ডাকসু নির্বাচনের তপশিল হতে পারে। নির্বাচনের প্রস্তুতির অংশ হিসেবে গত ২৬ জুন রিটার্নিং কর্মকর্তারা বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংগঠনগুলোর সঙ্গে বৈঠক করেন। বৈঠকে সভাপতিত্ব করেন চিফ রিটার্নিং কর্মকর্তা ও উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন। এদিকে গত ২৫ জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যানটিনে আয়োজিত সংবাদ সম্মেলনে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় সংসদের সভাপতি মেঘমল্লার বসু ও সাধারণ সম্পাদক মাঈন আহমেদ দ্রুত ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের তপশিল ঘোষণার দাবি জানান।

**রাকসু নির্বাচনের তপশিল দাবি :** রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনের তপশিল ঘোষণার দাবিতে গতকাল রবিবার সকাল ১০টার দিকে 'রাবি সংস্কার আন্দোলন' ব্যানারে অবস্থান কর্মসূচি পালন করা হয়। দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন। এর আগে শিক্ষার্থীরা প্যারিস রোডে জড়ো হয়ে বিক্ষোভ করেন। পরে সেখান থেকে মিছিল নিয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে প্রশাসন ভবনের সামনে এসে অবস্থান নেন। শিক্ষার্থীরা তাদের এ কর্মসূচির নাম দিয়েছেন 'মার্চ ফর আওয়ার রাইটস'। কর্মসূচির নেতৃত্ব দেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়ক সালাহউদ্দিন আম্মার। রাবি প্রশাসনের এক ঊর্ধ্বতন কর্মকর্তা বলেছেন, রাকসুর গঠনতন্ত্র সংস্কারে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি কাজ করছে।

**জকসু নির্বাচনের রোডম্যাপ দাবি :** গতকাল দুপুরে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে একাত্তরের গণহত্যা ভাস্কর্য চত্বরের সামনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিন দফা দাবি উত্থাপন করে বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদ। তাদের দাবিগুলো হলো—জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচনের রোডম্যাপ, ক্যাফেটেরিয়ার মানোন্নয়ন ও ফুড কার্ড চালু। এসব দাবি বাস্তবায়নে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে দ্রুত কার্যকর পদক্ষেপ দাবি করা হয়। জানা গেছে, জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ১৯ বছর পার হলেও বিশ্ববিদ্যালয় আইনে নেই কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচনের বিধি। গত ২ জানুয়ারি জবির সিন্ডিকেট সভায় জকসুর খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়। জবি উপাচার্য অধ্যাপক ড. মো. রেজাউল করিম সম্প্রতি সাংবাদিকদের বলেন, জকসুর নীতিমালা আইন উপদেষ্টাদের সঙ্গে আলোচনা সাপেক্ষে মন্ত্রণালয়ে পাঠানো হবে। রাষ্ট্রপতির মাধ্যমে অধ্যাদেশ জারি হলে এটি আইন হিসেবে গৃহীত হবে। নীতিমালা অধ্যাদেশ আকারে পাশ হয়ে এলে জকসু নির্বাচনের রোডম্যাপ ঘোষণা করতে পারব।

**চাকসু নির্বাচনের দাবিতে শিক্ষার্থীদের মানববন্ধন :** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) নির্বাচনের দাবিতে মানববন্ধন করেছেন শিক্ষার্থীদের একাংশ। গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এই মানববন্ধন হয়। 'চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংস্কার আন্দোলন'-এর ব্যানারে আয়োজিত এই কর্মসূচিতে বিভিন্ন ছাত্রসংগঠনের নেতাকর্মী ও সাধারণ শিক্ষার্থীরা অংশ নেন। জানা গেছে, চাকসু ও হল সংসদ নির্বাচনের দাবিতে শিক্ষার্থীরা কর্মসূচি শুরু করলে 'চাকসুর নীতিমালা প্রণয়ন ও নির্বাচনের রোডম্যাপ' নির্ধারণে সাত সদস্যের কমিটি গঠন করা হয়েছে।